দৈনিক জনকণ্ঠ

তারিখ ...10 AUG 19[illegible]... ...
পৃষ্ঠা ৩ কলাম [illegible]

# বুয়েট ॥ ১৩ শিক্ষকের যোগদানের ব্যাপারে সিদ্ধান্ত হয়নি

**বুয়েট রিপোর্টার ॥** প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর স্থাপত্য বিভাগের ১৩ শিক্ষককে পুনর্বহালের পর তাঁরা যোগদান করবেন কি না তা এখনও নিশ্চিত নয়। ভর্তি পরীক্ষা সংক্রান্ত এবং বিভিন্ন আন্দোলনের জন্য বুয়েট কর্তৃপক্ষ ১৩ শিক্ষককে দায়ী করায় তাঁরা নিজেদের মধ্যে আলোচনা করে যোগদানের ব্যাপারে সিদ্ধান্ত নেবেন বলে জানা গেছে।

বুয়েট কর্তৃপক্ষ ১৩ শিক্ষককে কাজে যোগদানের জন্য যে চিঠি পাঠিয়েছে, তাতে দু'টি শর্ত দেয়া হয়েছে। এর মধ্যে একটি হচ্ছে সাতদিনের মধ্যে কাজে যোগদান করতে হবে এবং পদত্যাগের পর থেকে যোগদান পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের বেতনভাতা থেকে ১৩ শিক্ষক বঞ্চিত হবেন। চিঠিতে প্রত্যেক শিক্ষকের উদ্দেশে বলা হয়েছে যোগদানের পর থেকে আপনি ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা ও নিয়ম-কানুন মেনে চলবেন, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল ও বিশ্ববিদ্যালয়ের অর্থসম্পর্কীয় কমিটির সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধাশীল হবেন এবং সিদ্ধান্ত মেনে চলবেন। জানা গেছে, কর্তপক্ষের পাঠানো নিয়োগপত্রের সাথে অতিরিক্ত চিঠি ছিল। অতিরিক্ত চিঠিতে স্থাপত্য বিভাগের ১৩ শিক্ষককে বিভিন্ন অভিযোগে অভিযুক্ত করে বলা হয়েছে, উক্ত শিক্ষকগণ বিভিন্ন সময়ে বিভিন্ন আন্দোলনে জড়িত থাকা, স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের আন্দোলনে সম্পৃক্ত করা এবং শিক্ষা কার্যক্রম ব্যাহত করার সাথে জড়িত ছিলেন।

স্থাপত্য বিভাগের ১৩ শিক্ষক এসব অভিযোগকে অপমানজনক বলে মনে করছেন। এখন তাঁরা বিশ্ববিদ্যালয়ে যোগদান করবেন কিনা এ ব্যাপারে নিজেদের মধ্যে আলোচনা করে সিদ্ধান্ত নেবেন।